



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৫.১৯-০২৭১৭/২২

তারিখ: ২০/০৭/২০২৩খ্রি.

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২৩' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর গত ১০ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে '১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনে এ অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি পালন এবং ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র.নং	কর্মসূচি
০১	১৫ আগস্ট, ২০২৩ খ্রি. মঙ্গলবার সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।
০২	১৫ আগস্ট ২০২৩ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে।
০৩	ক) জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ জেলা তথ্য অফিসারের সাথে যোগাযোগ করে পোস্টার সংগ্রহপূর্বক শিক্ষাপ্রতিষ্ঠান এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহে প্রচারের ব্যবস্থা করবে। যাদের LED বোর্ড রয়েছে তারা LED বোর্ডের মাধ্যম বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচ্চিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। খ) সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানে দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবসের ভাবগাম্ভীর্য অক্ষুণ্ন রেখে ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারসমূহ পুরো আগস্ট মাস জুড়ে প্রদর্শন করতে হবে। বিবর্ণ, ছেঁড়া ব্যানার ব্যবহার করা যাবে না। ব্যানার বিবর্ণ হলে প্রয়োজনে পুনঃস্থাপন করতে হবে। গ) পোস্টার এবং ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা যাবে না।
০৪	সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে হবে।
০৫	ক) জাতীয় কর্মসূচির আলোকে সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে। খ) সকল শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সজ্ঞাতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী এবং দোয়া মাহফিল/উপাসনার আয়োজন করবে। গ) শিক্ষার্থীদের বয়সভিত্তিক গ্রুপে বিভক্ত করে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করে পরবর্তীতে পুরস্কার বিতরণের আয়োজন করবে। ঘ) দপ্তর/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ তাদের সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করবে।
০৬	জাতীয় কর্মসূচির আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত সকল কর্মসূচিতে জেলা ও উপজেলায় কর্মরত এ অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।
০৭	বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামা', 'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান', 'আমার দেখা নয়া চীন' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
০৮	দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা-কর্মচারী ০১ আগস্ট ২০২৩ থেকে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবেন।

(Handwritten signature)

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯
dir-admin@dshe.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. প্রকল্প/স্কিম পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৬. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৭. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৮. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
১০. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি।